

## কারিগরি শিক্ষার উন্নয়ন ও প্রসারে উদ্যোগ প্রয়োজন

শিক্ষিত বেকারের সমস্যা যেখানে দিন দিনই বৃদ্ধি পাইয়া চলিয়াছে সেখানে কারিগরি শিক্ষার গুরুত্বের বিষয়টি নূতন করিয়া ব্যাখ্যা করা নিশ্চয়োত্তম। জানা গিয়াছে জনবল কাঠামোর ত্রুটির কারণে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষা কার্যক্রম ব্যাহত হওয়ার আশংকা দেখা দিয়াছে। আর্থকর্মসংস্থানমূলক এই কার্যক্রমের লক্ষ্য-উদ্দেশ্য বৈষম্য, অবহেলা ও অনূদনশীলতার কারণে ব্যর্থ হইতে পারে বলিয়া সংশ্লিষ্টরা ধারণা করিতেছেন। কারিগরি শিক্ষার প্রতি তরুণ সমাজের আগ্রহ বৃদ্ধির স্বল্প ইতিমধ্যেই পর্য-পরিকায় প্রকাশিত হইয়াছে। ইহা নিঃসন্দেহেই একটি আশাব্যঞ্জক দিক। সরকারি চাকুরির অপ্রতুলতার কারণে আর্থকর্মসংস্থানের মাধ্যমে নিজেকে পড়িয়া তোলায় প্রত্যাশায় তরুণদের অনেকেই কারিগরি প্রশিক্ষণকে গুরুত্ব দিতে শুরু করিয়াছে।

সাধারণ শিক্ষার ক্ষেত্রে কর্মসংস্থানের যে সংকট তাহা মোচনের লক্ষ্যে কারিগরি বা বৃত্তিমূলক শিক্ষার প্রসার একান্ত বাঞ্ছনীয়। অবশ্য কেবল সেন্টার বা শিক্ষা প্রতিষ্ঠান গড়িয়া উঠিলেই হইবে না, সেগুলিতে উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা থাকিতে হইবে এবং এই শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দক্ষ কারিগরও সৃষ্টি করিতে হইবে। আলোচ্য স্বরচিত্তেই জানা গিয়াছে, ইংরেজির শিক্ষক না থাকায় একটি শিক্ষা প্রতিষ্ঠানে বাংলার শিক্ষককে ইংরেজিসহ অন্যান্য ক্লাস নিতে হয়। একটি কলেজে নৈশপ্রহরী না থাকায় উন্নত পরিস্থিতির দূর্তোগের কথা স্বয়ং অধ্যক্ষই উল্লেখ করিয়াছেন। এদিকে শিক্ষার্থীরা প্রয়োজনীয় বই পায় না। বাজারের নোট বইয়ের উপরই তাহাদের নির্ভর করিতে হয়। কারিগরি শিক্ষার বৈষম্য ও সমস্যা দূর করিতে না পারিলে কারিগরি শিক্ষার ক্ষেত্রে বাঞ্ছিত ফল পাওয়া যাইবে না। কারিগরি শিক্ষার সামগ্রিক প্রয়োজনীয়তা বিবেচনায় রাখিয়া এ ব্যাপারে সমন্বিত ব্যবস্থা দরকার।

সাধারণ বেকার হইতে শুরু করিয়া শিক্ষিত তরুণ-তরুণীরাও কারিগরি শিক্ষার প্রতি আগ্রহী হইয়া উঠিতেছে। শিক্ষিত তরুণেরা যে সরকারি চাকুরির আশায় বসিয়া না থাকিয়া নিজেরা উদ্যোগী হইয়া ইলেকট্রিকের কাজ, সেলাই কিংবা ওয়েভারের মতো কাজের প্রতি ঝুঁকিতেছে, আমরা মনে করি, তরুণদের এই উদ্যমকে সহায়তা করা কর্তব্য। যে দেশে ও যে সমাজে কর্মসংস্থানের অভাব একটি বড় সমস্যা ও শিক্ষিত বেকারের সংখ্যা বিপুল হলে দেশে কারিগরি শিক্ষার মাধ্যমে আর্থকর্মসংস্থানের ব্যবস্থা যে কতো গুরুত্বপূর্ণ তাহা ব্যাখ্যা করা নিশ্চয়োত্তম। সংশ্লিষ্ট সকলেই বিষয়টির গুরুত্ব অনুধাবন করিবেন এবং বিদ্যালয় সমস্যা ও সংকট দূর করিয়া কারিগরি শিক্ষার প্রসারের প্রয়োজনীয় ব্যবস্থা করিবেন, ইহাই কাম্য।